DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 11:44 AM

বিনোদন

# ধর্ষণের অভিযোগে পিএস গ্রেফতার, মুখ খুললেন শ্রাবন্তী

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০৯:০৭ AM



ছবি: সংগৃহীত

টালিউডের অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জির সহকারী ম্যানেজার অর্ঘ্যকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার করেছে পুলিশ। রোববার হাড়ার ষষ্ঠী তলা থেকে গ্রেফতার করা হয় তাকে। খবরটি ছড়িয়ে পড়তেই সমালোচনা ও উত্তেজনা দেখা দিয়েছে টালিপাড়া ও সোশ্যাল মিডিয়ায়।

এ ঘটনায় অনেকেই অভিনেত্রীর মন্তব্য জানতে চেয়েছেন। একজন তারকা অভিনেত্রীর সহকারী হয়ে কীভাবে এমন জঘন্য কাজটি করলেন, তা নিয়েই প্রশ্ন। তবে বিষয়টি নিয়ে চুপ থাকেননি তিনি। সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, ইনস্টাগ্রামে এক পোস্টে এ ব্যাপারে কথা বলেছেন শ্রাবন্তী।

তিনি লিখেছেন, ২০২৪ সাল থেকে অর্ঘ্যর সঙ্গে পরিচয় ট্যালেন্টওয়ালা নামের একটি ইভেন্ট ম্যানেজমেন্ট সংস্থা আমার ইভেন্ট ও দৈনন্দিন সূচি দেখার দায়িত্ব নেয়। কিন্তু সম্প্রতিই জানতে পারি, এই ব্যক্তি একটি অপরাধমূলক কাজের সঙ্গে যুক্ত। খবরটি অস্বস্তিতে ফেলেছে আমাকে।

ওর ব্যক্তিগত পরিসর সম্পর্কে জানা নেই আমার। আর এ ঘটনার পর আগামীতে ওর সঙ্গে যুক্ত থাকতে চাই না। ম্যানেজমেন্ট সংস্থাকে এ ব্যাপারে জানিয়েছি আমি।

এদিকে গ্রেফতার অর্ঘ্যর বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় মামলা হয়েছে বলে জানা গেছে। এদিন আদালতে তোলা হয়েছিল তাকে। আপাতত ১৪ দিনের জেল হেফাজতে রাখার জন্য নির্দেশনা দিয়েছেন আদালত।

পুলিশ সূত্রে জানা গেছে, গ্রেফতার অর্ঘ্য যে সংস্থায় কাজ করতেন, সেখানে ভুক্তভোগীও কাজ করতেন। গত ১২ এপ্রিল অর্ঘ্যর বাড়িতে কোনো একটি কাজে যায় ওই নারী। সেখানেই তাকে ধর্ষণ করে অর্ঘ্য। পরে ১২ জুন ভুক্তভোগী নারী চ্যাটার্জিহাট থানায় অভিযুক্তদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দেন।

ছবির এই শিশুকে চিনেছেন? প্রথম সিনেমা সুপারহিট হলেও তিনি এখন ভিন্ন পেশায়

ভুক্তভোগীর অভিযোগের পর তদন্ত শুরু করে পুলিশ। পরে রোববার (১২ জুলাই) অভিযুক্ত অর্ঘ্যকে গ্রেফতার করা হয়। এরইমধ্যে তার বিরুদ্ধে একাধিক জামিন অযোগ্য মামলা হয়েছে। সোমবার (১৩ জুলাই) হাওড়া আদালতে তোলা হয়েছিল তাকে।

---

## এ বিভাগের আরও খবর




**শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান শাকিরার**

ভেনেজুয়েলার শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কলম্বিয়ান পপসম্রাজ্ঞী শাকিরা। গত ২৪ জুনের প্রলয়ংকরী ভূমিকম্পে শিক্...



**বাংলার পর্যটনশিল্পের নতুন মুখ সানি লিওন**

সানি লিওন নাকি মন্দারমণিতে। এমন খবরে নেটিজেনদের মাঝে শোরগোল। একবার পছন্দের অভিনেত্রীর দর্শন কি পেতে পারেন তার ভক্ত-অনুরাগীরা? এ নিয়ে সামাজি...



**প্রথমবার একসঙ্গে বড় পর্দায় আরিফিন শুভ ও কেয়া পায়েল**

ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়ক আরিফিন শুভ এবং ছোট পর্দার তুমুল জনপ্রিয় অভিনেত্রী কেয়া পায়েল প্রথমবার একসঙ্গে জুটি বেঁধে বড় পর্দায় আসছেন। ওটিটি প...



**বিশ্বকাপ ফুটবল: কোন তারকা কোন দলের সমর্থক?**

বিশ্বকাপ ফুটবল ঘিরে উন্মাদনা শুরু হলেই বাংলাদেশ যেন রঙে রঙে ভাগ হয়ে যায়। দেশের অলিগলি থেকে শুরু করে সামাজিক যোগাযোগমাধ্যম□সবখানেই চলে প্রিয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/dhrshner-obhijoge-pies-greftar-mukh-khullen-shrabnti